SHAKTI™
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে শক্তি ফাউন্ডেশন ও Australian High Commission-এর যৌথ উদ্যোগ



সামাজিক ও অর্থনৈতিক অধিকার থেকে দীর্ঘদিন বঞ্চিত নারী যৌনকর্মী, তাদের সন্তান এবং ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন ও Australian High Commission, Bangladesh একটি চুক্তি স্বাক্ষর করেছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনার সুসান রাইল। শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন ডাঃ শমসের আলী খান, সিনিয়র ডিরেক্টর ও হেড অফ হেলথ অ্যান্ড ক্লাইমেট চেন্জ প্রোগ্রাম এবং লাবিবা রহমান, স্ট্র্যাটেজিক অ্যাডভাইজার, ক্লাইমেট চেন্জ প্রোগ্রাম। এই অংশীদারিত্বের মাধ্যমে বাস্তবায়িত হবে "Circle of Care" প্রকল্প। প্রকল্পের আওতায় নারী যৌনকর্মী, তাদের সন্তান এবং ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীকে স্বনির্ভর জীবিকার  প্রশিক্ষণ, যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবা এবং মনোসামাজিক পরামর্শ সেবা প্রদান করা হবে। শক্তি ফাউন্ডেশন বিশ্বাস করে, স্বাস্থ্যসেবা, মর্যাদা ও উন্নয়নের সুযোগ প্রতিটি মানুষের মৌলিক অধিকার। এই উদ্যোগের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর সামাজিক অন্তর্ভুক্তি, আত্মনির্ভরশীলতা এবং অধিকার প্রতিষ্ঠায় ইতিবাচক পরিবর্তন আসবে বলে শক্তি ফাউন্ডেশন প্রত্যাশা করে।

## বাউনিয়াবাদ কালশী বস্তিতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত সদস্যদের পাশে শক্তি ফাউন্ডেশন



গত ২৫ মে সংঘটিত ভয়াবহ অগ্নিকাণ্ডে রাজধানীর বাউনিয়াবাদ কালশী বস্তি এলাকার অসংখ্য ঘরবাড়ি মুহূর্তের মধ্যেই আগুনে ভস্মীভূত হয়ে যায়। বহু পরিবার তাদের জীবনের সঞ্চয়, সহায়-সম্বল এবং মাথা গোঁজার একমাত্র আশ্রয় হারিয়ে চরম মানবিক সংকটের মুখোমুখি হয়। অনেকেই খোলা আকাশের নিচে আশ্রয় নিতে বাধ্য হন এবং খাদ্য, বস্ত্রসহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর তীব্র সংকটে দিন কাটাতে থাকেন। এমন দুঃসময়ে মানবিক দায়িত্ববোধ থেকে ক্ষতিগ্রস্ত সদস্যদের পাশে দাঁড়িয়েছে শক্তি ফাউন্ডেশন। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত সদস্যদের পুনরায় ঘুরে দাঁড়াতে সহায়তা করার লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এই সহায়তা শুধু প্রয়োজন মেটাতেই নয়, বরং তাদের পুনর্বাসন ও নতুন করে জীবন শুরু করার পথকে কিছুটা সহজ করে তুলবে বলে আশা করা হচ্ছে।
সহায়তা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব আসাদুজ্জামান, সিনিয়র ডিরেক্টর ও হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম; জনাব সব্যসাচী রায়, সিনিয়র ডিরেক্টর ও হেড অব মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশন; এবং মোঃ নাজমুল হক, জোনাল হেড, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম। এছাড়াও উপস্থিত ছিলেন এস কে মনিরুজ্জামান, রিজিয়ন হেড সহ শক্তি ফাউন্ডেশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ । শক্তি ফাউন্ডেশন বিশ্বাস করে, দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো শুধু একটি সামাজিক দায়িত্ব নয়, বরং মানবতার প্রতি অঙ্গীকার। দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটি দেশের বিভিন্ন দুর্যোগ ও সংকটময় পরিস্থিতিতে মানবিক সহায়তা, উদ্ধার কার্যক্রম এবং পুনর্বাসন উদ্যোগ বাস্তবায়ন করে আসছে।

## শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে দক্ষতা উন্নয়নে এগিয়ে যাচ্ছে তিতাসের নারী ও কিশোরীরা



কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়ন একটি প্রত্যন্ত অঞ্চল, যেখানে অধিকাংশ নারী ও কিশোরীর জীবন আবর্তিত হয় ঘর-সংসারের দায়িত্বকে কেন্দ্র করে। অনেকেরই দক্ষতা উন্নয়ন বা আয়মুখী কোনো কর্মকাণ্ডে যুক্ত হওয়ার সুযোগ খুবই সীমিত। এই বাস্তবতায় শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে এবং যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতায় আয়োজিত ব্লক-বাটিক প্রশিক্ষণ তাদের জীবনে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। সামাজিক প্রতিবন্ধকতা, আত্মবিশ্বাসের অভাব এবং সীমিত সুযোগ তাদের পরিসরকে সংকুচিত করে রেখেছিল। অথচ আজ তারাই প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করে তিতাস উপজেলা কার্যালয়ে উপস্থিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট থেকে নিজেদের অর্জনের স্বীকৃতি হিসেবে সনদ গ্রহণ করেন। এটি শুধু একটি প্রশিক্ষণ সম্পন্ন করার গল্প নয়; বরং নারীদের আত্মবিশ্বাস, সক্ষমতা এবং সামাজিক অংশগ্রহণ বৃদ্ধির এক অনুপ্রেরণাদায়ক দৃষ্টান্ত। প্রশিক্ষণের সমাপনী উপলক্ষে গত ১৬ জুন ২০২৬ তারিখে তিতাস উপজেলা কমপ্লেক্স অডিটোরিয়ামে দুইটি ব্যাচে প্রশিক্ষণ সম্পন্নকারী মোট ৬০ জন নারী ও কিশোরীর মাঝে সনদপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মাহমুদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা। এছাড়াও যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং শক্তি ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রশিক্ষণপ্রাপ্ত নারী ও কিশোরীদের পাশে থাকার আশ্বাস প্রদান করেন। সনদপত্র বিতরণ অনুষ্ঠানের পাশাপাশি প্রশিক্ষণার্থীদের তৈরি ব্লক-বাটিক পণ্যের একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত নারী ও কিশোরীরা এই আয়মুখী দক্ষতা অর্জনের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে এবং নিজেদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে সক্ষম হবে বলে আশা করা হচ্ছে। শক্তি ফাউন্ডেশন এই উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত রাখবে।

## জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০২৬-এ শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ





শৈশবকালীন অন্ধত্ব প্রতিরোধ, শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি এবং শিশুমৃত্যুর হার কমানোর লক্ষ্যে আজ, ২৮ জুন ২০২৬ (রবিবার), সরকার পরিচালিত জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। সরকারের এই গুরুত্বপূর্ণ উদ্যোগের অংশীদার হিসেবে শক্তি ফাউন্ডেশনের শক্তি মেডিকেল কেয়ার সেন্টার (SMCC)-এর তত্ত্বাবধানে যাত্রাবাড়ী ও খিলগাঁও এলাকার ৬ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের বিনামূল্যে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়। এই কার্যক্রমের আওতায় যাত্রাবাড়ী সেন্টারে ৯২৫ জন এবং খিলগাঁও সেন্টারে ৫৮৫ জন শিশুসহ সর্বমোট ১,৫১০ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল প্রদান করা হয়েছে। শিশুদের সুস্থ ও নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করতে এ ধরনের জনস্বাস্থ্য কার্যক্রমে শক্তি ফাউন্ডেশন ভবিষ্যতেও সরকারের পাশে থেকে কাজ করে যাবে।

## শোক সংবাদ



মোঃ মুরাদ উদ্দিন


সিনিয়র মাইক্রোফাইন্যান্স অফিসার, কেরানীহাট চট্টগ্রাম ০২৭০ নং শাখা

**মোঃ মুরাদ উদ্দিনের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত**

এই শোকের মুহূর্তে শোকাহত পরিবারের পাশে আছে

**শক্তি পরিবার**

## বেসিক স্যালারী ৪০% থেকে ৫০% এ বৃদ্ধিকরণ




## একনজরে শক্তি (৩০ জুন, ২০২৬)

বিভাগ ৮

জেলা ৫৭

জোন ৪

রিজিয়ন ২৮

এরিয়া ১২৮

ব্রাঞ্চ ৬৩২

সদস্য ৬,০৭,০৬৮ জন

ঋণী ৪,৮১,৫৮৩ জন

সঞ্চয় স্থিতি ১,৭৩০ কোটি

ঋণস্থিতি ৩,৪৪৫ কোটি টাকা

কর্মী সংখ্যা ৫,৬০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ১০০ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

শক্তি'র ওয়েবসাইট থেকে শক্তি বার্তা দেখেতে এই লিংকে ভিজিট করুন- www.shakti.org.bd/resources/publications